

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/পরীক্ষা/CSE(অনার্স)/৫০৪(০৩)/২০১৪/২১০২

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র, ঢাকা।

বিষয়: বিএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২২১ টার্ম (১ম বর্ষ ১ম সিমেন্টার, ২য় বর্ষ ১ম সিমেন্টার, ৩য় বর্ষ ১ম সিমেন্টার এবং ৪র্থ বর্ষ ১ম সিমেন্টার) পরীক্ষার ফলাফল সংশোধন এবং পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।


জনাব


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২২১ টার্ম (১ম বর্ষ ১ম সিমেন্টার, ২য় বর্ষ ১ম সিমেন্টার, ৩য় বর্ষ ১ম সিমেন্টার এবং ৪র্থ বর্ষ ১ম সিমেন্টার) পরীক্ষার কোর্সভিত্তিক এবং চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। উক্ত ফলাফল বাউবির ওয়েব সাইট exam.bou.ac.bd-এ পাওয়া যাবে।

পরীক্ষায় অংশগ্রহণ করা সত্ত্বেও কোনো কারণে কোন শিক্ষার্থীর ফলাফলে অসঙ্গতি থাকলে তাকে আগামী ০৩/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদন সরাসরি "সভাপতি, পরীক্ষা কমিটি, সিএসই ২২১ টার্ম (১ম বর্ষ ১ম সিমেন্টার, ২য় বর্ষ ১ম সিমেন্টার, ৩য় বর্ষ ১ম সিমেন্টার এবং ৪র্থ বর্ষ ১ম সিমেন্টার) পরীক্ষা, এসএসটি, বাউবি, গাজীপুর-১৭০৫" বরাবর প্রেরণ করতে হবে। এছাড়াও কোনো শিক্ষার্থী প্রকাশিত ফলাফল পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক হলে তাকে উল্লিখিত (০৩/১০/২০২৪ খ্রিস্টাব্দ) তারিখের মধ্যে প্রতি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ফি জমা দিয়ে "পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি, গাজীপুর-১৭০৫" বরাবর আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না।

বিষয়টি শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

বন্যবাদসহ।


প্রফেসর ড. মো: মোহসীন উদ্দিন
০৫/০৯/২৪
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



কার্যার্থে অনুলিপি:

- সভাপতি, পরীক্ষা কমিটি, সিএসই ২২১ টার্ম (১ম বর্ষ ১ম সিমেন্টার, ২য় বর্ষ ১ম সিমেন্টার, ৩য় বর্ষ ১ম সিমেন্টার এবং ৪র্থ বর্ষ ১ম সিমেন্টার) পরীক্ষা, বাউবি।
- সমন্বয়কারী, সিএসই প্রোগ্রাম, বাউবি, স্টাডি সেন্টার (সকল)।

অবগতির জন্য অনুলিপি:

- ডীন, এসএসটি, বাউবি।
- পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- সংরক্ষণ নথি।